গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট
(রাজস্ব শাখা)
www.bagerhat.gov.bd

স্মারক নং- ০৫.৪৪.০১০০.০১৪.২৩.০০১.২৬- ৪৯৭ তারিখ: ২১ আষাঢ়, ১৪৩২ / ০৫ জুলাই, ২০২৬

**ভূমিসেবা সহায়তা কেন্দ্র স্থাপনের অনুমতি প্রাপ্তির আবেদন দাখিলের জন্য বিজ্ঞপ্তি**

ভূমি মন্ত্রণালয়ের ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ ঢাকা এর ০৭ এপ্রিল ২০২৬ তারিখের ৩১.০০.০০০০.০৫৭.১১.১৪০.২৩-১৭৭ নম্বর স্মারকের "ভূমি সেবা সহায়তা নির্দেশিকা-২০২৫" অনুযায়ী নিম্নবর্ণিত যোগ্যতাসম্পন্ন ব্যক্তি ও ব্যবসায়িক প্রতিষ্ঠানের মাধ্যমে নাগরিকদের জনবান্ধব ভূমিসেবা সহায়তা প্রদানের লক্ষ্যে বাগেরহাট জেলার ৪২ টি স্পটে অনুমতিপত্র গ্রহণে আগ্রহী ব্যক্তিদের নিকট হতে নির্দিষ্ট ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে। আগ্রহী ব্যক্তিদের আগামী ০৭-০৭-২০২৬ তারিখ হতে ২১-০৭-২০২৬ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে নির্দেশিত ওয়েবপেজে (www.bagerhat.gov.bd) উল্লিখিত সকল কাগজপত্রের সফট কপি আপলোডসহ আবেদন দাখিল করতে হবে এবং জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাটের ওয়েব সাইট (www.bagerhat.gov.bd) এর নোটিশ বোর্ড হতে প্রাপ্ত আবেদনপত্র ডাউনলোডপূর্বক কম্পিউটার কম্পোজকৃত আবেদনপত্রের সাথে চাহিত অন্যান্য কাগজপত্রাদির হার্ডকপি আগামী ০৭-০৭-২০২৬ তারিখ হতে ২১-০৭-২০২৬ তারিখের মধ্যে অফিস চলাকালীন রাজস্ব শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাটে জমা প্রদানের মাধ্যমে আবেদন দাখিল করতে হবে।

বাগেরহাট জেলার ভূমিসেবা সহায়তা কেন্দ্রের সংখ্যা :

| ক্রমিক নং | উপজেলার নাম | উপজেলা/ইউনিয়ন ভূমি অফিসের নাম | ভূমিসেবা সহায়তা কেন্দ্রের সংখ্যা | সেবার নাম |
|---|---|---|---|---|
| ১. | কচুয়া | উপজেলা ভূমি অফিস কচুয়া, বাগেরহাট | ০১ | ল্যান্ড সার্ভিসেস ফ্যাসিলিটেটিং সেন্টার (এলএসএফসি) |
| ২. | শরণখোলা | উপজেলা ভূমি অফিস শরণখোলা, বাগেরহাট | ০১ | |
| ৩. | চিতলমারী | উপজেলা ভূমি অফিস চিতলমারী, বাগেরহাট | ০১ | |
| ৪. | বাগেরহাট সদর | বাগেরহাট সদর ইউনিয়ন ভূমি অফিস | ০১ | |
| ৫. | বাগেরহাট সদর | নওয়াপাড়া ইউনিয়ন ভূমি অফিস | ০১ | |
| ৬. | বাগেরহাট সদর | রনবিজয়পুর ইউনিয়ন ভূমি অফিস | ০১ | |
| ৭. | বাগেরহাট সদর | চিত্রা ইউনিয়ন ভূমি অফিস | ০১ | |
| ৮. | বাগেরহাট সদর | ভাটপাড়া ইউনিয়ন ভূমি অফিস | ০১ | |
| ৯. | ফকিরহাট | খড়রিয়া ইউনিয়ন ভূমি অফিস | ০১ | |
| ১০. | ফকিরহাট | সুনগর ইউনিয়ন ভূমি অফিস | ০১ | |
| ১১. | ফকিরহাট | মানসা ইউনিয়ন ভূমি অফিস | ০১ | |
| ১২. | মোল্লাহাট | আটজুড়ি ইউনিয়ন ভূমি অফিস | ০১ | |
| ১৩. | মোল্লাহাট | চুনখোলা ইউনিয়ন ভূমি অফিস | ০১ | |
| ১৪. | মোল্লাহাট | গাংনী ইউনিয়ন ভূমি অফিস | ০১ | |
| ১৫. | চিতলমারী | চিতলমারী সদর ইউনিয়ন ভূমি অফিস | ০১ | |
| ১৬. | চিতলমারী | চরবানিয়ারী ইউনিয়ন ভূমি অফিস | ০১ | |
| ১৭. | চিতলমারী | কলাতলা ইউনিয়ন ভূমি অফিস | ০১ | |
| ১৮. | চিতলমারী | কলিগাতী ইউনিয়ন ভূমি অফিস | ০১ | |
| ১৯. | কচুয়া | কচুয়া সদর ইউনিয়ন ভূমি অফিস | ০১ | |
| ২০. | কচুয়া | রাড়ীপাড়া ইউনিয়ন ভূমি অফিস | ০১ | |
| ২১. | কচুয়া | গজালিয়া ইউনিয়ন ভূমি অফিস | ০১ | |
| ২২. | মোড়েলগঞ্জ | সানকিভাংগা ইউনিয়ন ভূমি অফিস | ০১ | |
| ২৩. | মোড়েলগঞ্জ | সদর ইউনিয়ন ভূমি অফিস | ০১ | |
| ২৪. | মোড়েলগঞ্জ | পঞ্চকরণ ইউনিয়ন ভূমি অফিস | ০১ | |
| ২৫. | মোড়েলগঞ্জ | বনগ্রাম ইউনিয়ন ভূমি অফিস | ০১ | |
| ২৬. | মোড়েলগঞ্জ | চালিতাবুনিয়া ইউনিয়ন ভূমি অফিস | ০১ | |
| ২৭. | মোড়েলগঞ্জ | গুলিশাখালী ইউনিয়ন ভূমি অফিস | ০১ | |
| ২৮. | মোড়েলগঞ্জ | চিংড়াখালী ইউনিয়ন ভূমি অফিস | ০১ | |
| ২৯. | মোড়েলগঞ্জ | দৈবজ্ঞহাটী ইউনিয়ন ভূমি অফিস | ০১ | |
| ৩০. | মোড়েলগঞ্জ | বহরবুনিয়া ইউনিয়ন ভূমি অফিস | ০১ | |
| ৩১. | মোড়েলগঞ্জ | দক্ষিণ জিউধরা ইউনিয়ন ভূমি অফিস | ০১ | |
| ৩২. | শরণখোলা | রায়েন্দা ইউনিয়ন ভূমি অফিস | ০১ | |
| ৩৩. | শরণখোলা | নলবুনিয়া ইউনিয়ন ভূমি অফিস | ০১ | |
| ৩৪. | শরণখোলা | সোনাতলা ইউনিয়ন ভূমি অফিস | ০১ | |
| ৩৫. | শরণখোলা | বানিয়াখালী ইউনিয়ন ভূমি অফিস | ০১ | |
| ৩৬. | রামপাল | রামপাল সদর ইউনিয়ন ভূমি অফিস | ০১ | |
| ৩৭. | রামপাল | মল্লিকেরবেড় ইউনিয়ন ভূমি অফিস | ০১ | |
| ৩৮. | রামপাল | বাইনতলা ইউনিয়ন ভূমি অফিস | ০১ | |
| ৩৯. | রামপাল | গৌরম্ভা ইউনিয়ন ভূমি অফিস | ০১ | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪০. | রামপাল | হড়কা ইউনিয়ন ভূমি অফিস | ০১ | |
| ৪১. | মোংলা | হলদিবুনিয়া ইউনিয়ন ভূমি অফিস | ০১ | |
| ৪২. | মোংলা | দত্তেরমেঠ ইউনিয়ন ভূমি অফিস | ০১ | |

**অনুমতিপত্র প্রাপ্তির ক্ষেত্রে আবেদনকারীর যোগ্যতা:**

১. আবেদনকারীকে ন্যূনতম কম্পিউটার/মোবাইল এপ্লিকেশন সফটওয়্যার, ইন্টারনেট ব্রাউজিং, ডেটা নিরাপত্তা বিষয়ে জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে এবং কম্পিউটার সংশ্লিষ্ট বিষয়ে সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা বা স্নাতক ডিগ্রিধারীদের বা সরকারি অন্যান্য দপ্তরের অনুরূপ সেবা প্রদানকারী প্রতিষ্ঠান পরিচালনাকারীদের অগ্রাধিকার দেওয়া হবে;

২. কেন্দ্রের মোট সহায়তাকারীদের ন্যূনতম এক তৃতীয়াংশ নারী হতে হবে, তবে অনুচ্ছেদ-১ এ বর্ণিত যোগ্যতাসম্পন্ন নারী সহায়তাকারী না পাওয়া গেলে এ শর্ত শিথিলযোগ্য হবে;

৩. এই নির্দেশিকার অধীন নিজ ব্যায়ে এলএসএফসি স্থাপন ও পরিচালনার আর্থিক ও জনবলগত সক্ষমতা থাকতে হবে;

৪. নিজস্ব ভূমি বা চুক্তিমূলে ন্যূনতম ২ (দুই) বছর মেয়াদে এলএসএফসি স্থাপনের জন্য অন্যূন মোট ৮০ (আশি) বর্গফুট মেঝে সম্পন্ন স্থাপনা থাকতে হবে ;

৫. কম্পিউটার/মোবাইল এপ্লিকেশন সফটওয়্যার, ইন্টারনেট ব্রাউজিং বিষয়ে জ্ঞানসম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক কম্পিউটার কর্মী নিয়োজিত করতে হবে এবং এ ক্ষেত্রে যোগ্যতাসম্পন্ন নারী কম্পিউটার কর্মী নিয়োগে অগ্রাধিকার পাবে;

৬. সহায়তাকারী ও তার নিয়োজিত কম্পিউটার কর্মীগণ কোনভাবেই ফৌজদারি অপরাধে চার্জশিটভুক্ত বা দন্ডপ্রাপ্ত ব্যক্তি হবেন না ;

৭. সহায়তাকারীকে সকল ব্যাংকের মোবাইল ব্যাংকিং বা মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসের হিসাবভুক্ত হতে হবে;

৮. এলাকাভেদে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স আবশ্যিকভাবে থাকতে হবে;

৯. কেন্দ্রে বিদ্যুৎ সংযোগ ও ন্যূনতম ১০ এমবিপিএস গতি সম্পন্ন ইন্টারনেট কানেক্টিভিটি এবং বিকল্প বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা থাকতে হবে;

১০. সহায়তাকারীর নিজ নামে ও নিজ এনআইডি এর আওতায় প্রয়োজনীয় সংখ্যক মোবাইল সিম থাকতে হবে;

১১. সরকার অনুমোদিত ডিজিটাল তথ্য নিরাপত্তা সংশ্লিষ্ট বিধি বিধানের অধীন নাগরিকের উপাত্ত (data) সুরক্ষা বিষয়ে সক্ষমতা থাকতে হবে;

১২. আবেদনকারীকে আবেদন ফরমে উল্লিখিত সকল কাগজপত্র সংযুক্ত করতে হবে;

১৩. একটি অনুমতিপত্র দ্বারা একটির অধিক এলএসএফসি পরিচালনা করা যাবে না;

১৪. অনুমতিপত্র প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে নির্বাচিত সহায়তাকারীকে জেলা প্রশাসকের সাথে নির্ধারিত ফরমে একটি চুক্তিপত্র স্বাক্ষর করতে হবে। চুক্তি স্বাক্ষরের পূর্বে নির্বাচিত সহায়তাকারী কর্তৃক ইউনিয়ন ও উপজেলার জন্য ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা এবং পৌর এলাকার জন্য ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা ফেরতযোগ্য জামানত প্রদান করতে হবে। ভূমি সেবা সহায়তা কেন্দ্রের অনুমতিপত্র ফি বাবদ ইউনিয়ন এলাকার জন্য ৩,০০০.০০ (তিন হাজার) এবং উপজেলা সদর/পৌর এলাকার জন্য ৫,০০০.০০ (পাঁচ হাজার) হাজার টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে;

১৫. অনুমতিপত্রের মেয়াদ কর্তৃপক্ষের স্বাক্ষরের তারিখ হতে ০২ (দুই) বছর মেয়াদি হবে। তবে, জেলা প্রশাসক মেয়াদ পূর্তির পূর্বে কারণ উল্লেখ করে যে কোন সময় অনুমতিপত্র বাতিল করতে পারবেন;

১৬. ভূমি সেবা সহায়তা কেন্দ্রের অনুমতি, অনুমতিপত্রের মেয়াদ ও অবসায়ন, আবেদন বাবদ ফি ও নবায়ন বাবদ ফি, সহায়তাকারীর সেবা সহায়তা প্রদান বাবদ ফি. "ভূমিসেবা সহায়তা নির্দেশিকা, ২০২৫" অনুযায়ী প্রতিপালিত হবে।

০৫/০৭/২০২৬
(গোলাম মোঃ বাতেন)
জেলা প্রশাসক
বাগেরহাট
ফোনঃ ০২৪৭৭৭৫২৫১৫
e-mail: dcbagerhat@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৪.০১০০.০১৪.২৩.০০১.২৬ - ৪৯৯

তারিখ: ২১ আষাঢ়, ১৪৩২ / ০৫ জুলাই, ২০২৬

অনুলিপি-সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে প্রেরণ করা হলো :

০১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা।
০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, বাগেরহাট।
০৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/সার্বিক/শিক্ষা ও আইসিটি) ও অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বাগেরহাট।
০৬। উপজেলা নির্বাহী অফিসার, বাগেরহাট (সকল) [ ওয়েব পোর্টাল ও নোটিশ বোর্ডে প্রদর্শনের ব্যবস্থাকরণের অনুরোধসহ ]।
০৭। সহকারী কমিশনার (ভূমি), বাগেরহাট (সকল) [ ওয়েব পোর্টাল ও নোটিশ বোর্ডে প্রদর্শনের ব্যবস্থাকরণের অনুরোধসহ ]।
০৮। রেভিনিউ ডেপুটি কালেক্টর, বাগেরহাট।
০৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট। [বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং আবেদন সংক্রান্ত টেকনিক্যাল সাপোর্ট প্রদান]।
১০। অফিস কপি।

০৫/০৭/২০২৬
জেলা প্রশাসক
বাগেরহাট